

তারিখ ৩
পৃষ্ঠা ৩ কলাম ৩.....



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পরিবেশ রক্ষায় কঠোর আইন

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় থেকে সংবাদদাতা ॥ শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসের পরিবেশ স্বাভাবিক রাখতে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য অচিরেই কঠোর আইন চালু হচ্ছে। রাতের আধারে বিশ্ববিদ্যালয়ের কোন ছাত্র-ছাত্রীদের একত্রে ঘোরাফেরা করতে বা আপত্তিকর অবস্থায় দেখা গেলে তাদের তাত্ক্ষণিক বিচার করা হবে। প্রয়োজনে বিশ্ববিদ্যালয় থেকে তাদের বহিষ্কার করা হবে। বহিরাগত সন্ত্রাসীরা যাতে ক্যাম্পাসে প্রবেশ করতে না পারে সেজন্য সতর্ক অবস্থানে আনসার প্রহরাও রাখা হয়েছে। কোন ছাত্র-ছাত্রীর সহায়তায় ক্যাম্পাসে সন্ত্রাসী এলে সে ছাত্রের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে। অপ্রয়োজনে মহিলা হলের (১৪শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

শেরেবাংলা কৃষি

(৩য় পৃঃ পর)

সামনে কোন ছাত্র ঘোরাফেরা করলে তাদের বিরুদ্ধেও কঠোর পদক্ষেপ নেয়া হচ্ছে।

ভর্তি ফরম বিতরণ ১২ই নভেম্বর থেকে

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে ২০০৩ইং শিক্ষাবর্ষে বিএসসি এজি (অনার্স) প্রথম সেমিস্টার ভর্তির জন্য আগামী ১২ নভেম্বর থেকে ৩১ নভেম্বর পর্যন্ত ভর্তি ফরম বিতরণ করা হবে। শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় হিসেবে বাস্তবায়নের পর এই প্রথম নিজস্ব অধীনে ছাত্র-ছাত্রী ভর্তি করা হচ্ছে।

সাংস্কৃতিক সংগঠন সপ্তক-এর আনুষ্ঠানিক যাত্রা শুরু গত সোমবার শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে সাংস্কৃতিক সংগঠন সপ্তক এর আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়। এ উপলক্ষে